

📖 সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৮১৩

২১/ খাদ্যদ্রব্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৫০৬. যে সব জন্তু হারাম হওয়ার কথা কুরআন--হাদীছে নেই।

আরবী

বাংলা

৩৮১৩. মুসাদ্দাদ (রহঃ) খারিজা ইবন সালত তামীমী (রহঃ) তাঁর চাচা থেকে বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে ইসলাম গ্রহণ করেন। তিনি তাঁর নিকট হতে ফেরার সময় পথিমধ্যে এমন এক সম্প্রদায়ের নিকট যান, যাদের মধ্যে শিকল পরা একজন পাগল লোক ছিল। তখন পাগলের অভিভাবকরা বলেঃ আমরা শুনেছি, তোমাদের সাথে (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উত্তম ও কল্যাণ নিয়ে এসেছেন। তোমার কাছে এমন কোন জিনিস আছে কি, যা দিয়ে তুমি এ পাগলের চিকিৎসা করতে পার?

(রাবী বলেনঃ) তখন আমি সূরা ফাতিহা পড়ে ফুঁক দেই, যার ফলে সে ভাল হয়ে যায়। তখন তারা আমাকে একশত বকরী প্রদান করে। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে ফিরে এসে তাঁকে সমস্ত ঘটনা সম্পর্কে অবহিত করি। তিনি বলেনঃ তুমি সূরা ফাতিহা ছাড়া আর কিছু পাঠ করনি তো?

রাবী মুসাদ্দাদ (রহঃ) অন্য বর্ণনায় বলেছেনঃ তুমি এছাড়া আর কিছু পড়েছিলে নাকি? আমি বলিঃ না। তখন তিনি বলেনঃ তুমি এগুলো নিয়ে নাও। আমার জীবনের শপথ! লোকেরা তো জাদু-টোনা করে খায়, যা বাতিল। তুমি তো একটি হক এবং সত্য জিনিস পড়ে ফুঁক দিয়েছ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35920>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন